



পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ

প্রধান কার্যালয় : বিকাশভবন (তৃতীয় তল, পূর্বপার)

বিধাননগর, কোলকাতা - ৭০০০৯১

শাখা কার্যালয় : রামেন্দ্রসুন্দর, তন্তুজভবন, ডিডি-১৮/৪, সপ্তমতল

বিধাননগর, কোলকাতা - ৭০০০৬৪

email – wbcros2006@gmail.com

তারিখ : ০৯/০১/২০২০

মাধ্যমিক পরীক্ষা (Secondary Examination) জুন, ২০২০ এর জন্য

অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়ন (Internal Formative Evaluation) সম্পর্কিত নির্দেশিকা :-

(জুন ২০১৮ ও তার পরবর্তী সময়ে মাধ্যমিক স্তরে ভর্তি হওয়া ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে প্রযোজ্য)

সকল সঞ্চালকগণের উদ্দেশ্যে উপরোক্ত বিষয়ের প্রয়োগ বিধির নির্দেশিকা হিসাবে জানানো যায় যে, অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নের ক্ষেত্রে সাধারণত: ছয় ধরনের পদ্ধতি অনুসৃত হয়ে থাকে। যেমন :- ১) সমীক্ষা (survey) ২) প্রকৃতি পাঠ (nature study) ৩) ক্ষেত্র বিশ্লেষণ (case study) ৪) সৃষ্টিশীল রচনা (creative writing) ৫) মডেল নির্মাণ (model making) ৬) শিখন সামগ্রীর সহায়তা নিয়ে মূল্যায়নে অংশগ্রহণ (open text book evaluation)। এর মধ্যে শিক্ষার্থীর সুবিধার্থে যে কোনো তিনটি পদ্ধতি অনুসরণ করে প্রতিটি বিষয়ে নিম্নলিখিত তারিখের মধ্যে স্ব স্ব শিক্ষাকেন্দ্রে evaluation করতে হবে।

এ বিষয়ে এই অন্তর্বর্তী মূল্যায়নের ক্ষেত্রে উদ্ভাবনী শিখন-শিক্ষণ প্রক্রিয়ায় একজন ছাত্র/ছাত্রী যে যে বিষয়ের দক্ষতা প্রকাশের সুযোগ পাবে তা হলো :-

- ১) একটি বিষয়/ঘটনা/পরিস্থিতি/ছবিকে নিজের ভাষায় বর্ণনা।
- ২) একটি বিষয়/ঘটনা/পরিস্থিতি/ছবিকে ভিত্তি করে নতুন উদাহরণ। বিকল্প ব্যাখ্যা, নির্দিষ্ট বিষয়ভিত্তিক নতুন শব্দসম্ভার উদ্ভাবন ও প্রয়োগ।
- ৩) নির্দিষ্ট বিষয়ানুগ উদ্ভাবনী মতামত ও সুপারিশ প্রদান।
- ৪) বিভিন্ন সূত্র, ধারণা, কথোপকথন প্রভৃতির সম্প্রসারণ।
- ৫) নির্দিষ্ট বিষয়ের নিরিখে কোন ধারণার উপস্থাপন অথবা সমস্যা সমাধানে উদ্ভাবনী প্রক্রিয়ার সুপারিশ।
- ৬) নির্দিষ্ট বিষয়ের নিরিখে বিভিন্ন বিষয়/ঘটনা/পরিবেশ/পরিস্থিতি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ, অনুমান ও উত্তর অনুসন্ধান।
- ৭) শিক্ষার্থীর স্বতন্ত্র ও মৌলিক সৃষ্টিশীলতার প্রতি সর্বদা সতর্ক নজর রাখতে হবে।


উপরোক্ত বিষয়ের নিরিখে Internal Formative Evaluation প্রস্তুতির জন্য নিম্নলিখিত মূল্যায়ন নির্দেশিকা গ্রহণ করা যেতে পারে।

প্রতিটি বিষয়ের Internal Formative Evaluation -এর পূর্ণমান - ১০

বিষয়	মূল্যায়ন মান
১) প্রাসঙ্গিক বিষয়ের/তথ্যের উদ্দেশ্য কি	- ২
২) প্রদত্ত বিষয়ের/তথ্যের পদ্ধতি বিশ্লেষণ	- ২
৩) প্রদত্ত বিষয়ের মর্মার্থ অনুধারন	- ২
৪) বিষয়ের বা তথ্যের ব্যবহারিক প্রয়োগ	- ২
৫) সার্বিক মূল্যায়ন/উত্তরসমূহ	- ২

উপরোক্ত অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়ন বা Internal Formative Evaluation মাধ্যমিক জুন-২০১৮ ও তার পরবর্তী সময়ে মাধ্যমিক স্তরে ভর্তি হওয়া ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। এই মূল্যায়নপত্র ০৮/০২/২০২০ থেকে ০৭/০৩/২০২০ তারিখের মধ্যে স্ব স্ব শিক্ষাকেন্দ্রে নিয়ে নিতে অনুরোধ করা হচ্ছে। যখন মাধ্যমিক পরীক্ষা (Secondary Examination) জুন, ২০২০-এর জন্য form fill up হবে তখন এ marks গুলি form-fill-up এর সাথে দক্ষিণবঙ্গের পরীক্ষার্থীদের জন্য কোলকাতার তন্তুজভবনে এবং উত্তরবঙ্গের পরীক্ষার্থীদের জন্য শিলিগুড়িস্থ আঞ্চলিক অফিস (রাহুল সংকৃত্যায়ণ ভবন) জমা দিতে হবে (examination form-এ বিষয় অনুযায়ী marks গুলি বসানোর ব্যবস্থা থাকবে)।

বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসাবে প্রকাশ করা হলো।



ড: অমিতাভ বাগচী

সচিব

পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ

বিঃদ্র: - যে সকল ছাত্র-ছাত্রী বিষয় অনুযায়ী এই Internal Formative Evaluation পরীক্ষাটিতে পূর্বে attend করেছে তাদের আর পরবর্তী Internal Formative Evaluation পরীক্ষাটি দেওয়ার প্রয়োজন নেই (candidature cancel না হওয়া পর্যন্ত)। পূর্ববর্তী অর্জিত marksটি বিষয় অনুযায়ী পরবর্তী পরীক্ষাতে carry forward হবে।